

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২০, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

আদেশ

তারিখ: ৭ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ/২০ এপ্রিল, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০৬-আইন/২০১৬।—Services (Reorganization and Conditions) Act, 1975 (Act No. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ০১ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত চাকরি [ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান] (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১১ এর উপ-অনুচ্ছেদ (৩) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪) সংযোজিত হইবে, যথা:—

“(৪) জাতীয় বেতন স্কেল, ২০১৫ কার্যকর হইবার তারিখ হইতে—

(ক) ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণের বেতন জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডে একটি অতিরিক্ত অগ্রিম বেতন বৃদ্ধির সুবিধাসহ নির্ধারিত হইবে; অর্থাৎ তাহাদের নির্ধারিত প্রারম্ভিক বেতন হইবে (২২০০০+১১০০)=২৩১০০ টাকা; এবং

(৫০২৩)

মূল্য : টাকা ৪.০০

(খ) পদোন্নতির মাধ্যমে ৯ম গ্রেড প্রাপ্ত কর্মচারীগণের বেতন জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডে নির্ধারিত হইবে; অর্থাৎ তাহাদের নির্ধারিত প্রারম্ভিক বেতন হইবে ২২০০০ টাকা।

ব্যাখ্যা।—উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত কর্মচারীগণ উক্ত উপ-অনুচ্ছেদের বিধান অনুযায়ী চাকুরির প্রবেশ পদে এক বা একাধিক অগ্রিম বেতন বৃদ্ধির সুবিধাসহ এই উপ-অনুচ্ছেদের দফা (ক) এ উল্লিখিত একটি অতিরিক্ত বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন।”।

২। ইহা ১ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মমতাজ-আলা-শাকুর আহমেদ

অতিরিক্ত সচিব

অর্থ বিভাগ।